

ইসরায়েলে ফ্লাইট চলাচল বন্ধ করলো এয়ার ইন্ডিয়া

- A Monitor Desk Report

Date: 15 April, 2024



নতুন দিল্লি: ইসরায়েলকে লক্ষ্য করে তিন শতাধিক ড্রোন ও ক্ষেপণাস্ত্র ছুড়েছে ইরান। এমন উত্তেজনার মধ্যে ইসরায়েলে নিজেদের পরিষেবা বন্ধ করে দিয়েছে এয়ার ইন্ডিয়া। রবিবার (১৪ এপ্রিল) দিল্লি থেকে তেল আবিব পর্যন্ত ফ্লাইট চলাচল বন্ধ করে দিয়েছে উড়োজাহাজ সংস্থাটি।

শনিবার গভীর রাতে ইসরায়েলে হামলা চালায় ইরান। অসংখ্য ড্রোন ও ক্ষেপণাস্ত্র আছড়ে পড়তে থাকে ইসরায়েলের ভূখণ্ডে। ইরানি ক্ষেপণাস্ত্রের আঘাতে ইসরায়েলের নাভাতিম বিমান ঘাঁটি এবং হেরমন পাহাড়ের ওপর একটি সামরিক অবকাঠামো ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে।

অপরদিকে হেরমন পাহাড়ের ওপর থাকা ইসরায়েলি সেনাবাহিনীর একটি গোয়েন্দা অবকাঠামো লক্ষ্যবস্তুতে পরিণত করা হয়েছে। কারণ এই স্থান থেকে সিরিয়ায় ইরানের বিভিন্ন অবস্থানের ওপর চালানো অসংখ্য হামলা পরিচালিত হয়েছে।

এমন পরিস্থিতিতে ইসরায়েলে নিজেদের পরিষেবা ফের বন্ধ করে দিল এয়ার ইন্ডিয়া। সংস্থার পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়েছে, রবিবার থেকে দিল্লি-তেল আবিব উড়োজাহাজ পরিষেবা স্থগিত। তবে কবে আবার এই পরিষেবা শুরু হবে, সেই নিয়ে বিস্তারিত কিছু জানায়নি এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষ।

উল্লেখ্য, দিল্লি থেকে সপ্তাহে চারটি ফ্লাইট পরিচালনা করে এয়ার ইন্ডিয়া। একই সংখ্যক ফ্লাইট ওড়ে তেল আবিব থেকেও।

-B